# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।

জনসংযোগ ও প্রটোকল বিভাগ।

ফোন ঃ ০২২২৩৩৮৪৪১৪

ই-মেইল ঃ cpro@krishibank.org.bd


পত্র নং - প্রকা/জসবি-১(১৬)/২০২৪-২৫/৩৩ তারিখ ঃ ৩১.০৭.২০২৪

**বিষয় ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৯তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক ৩১.০৭.২০২৪ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব মোঃ শওকত আলী খান
ব্যবস্থাপনা পরিচালক

স্থান ঃ বোর্ড রুম, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ ও সময় ঃ ৩১ জুলাই ২০২৪, বিকাল ০৩.০০ ঘটিকা

উপস্থিতি ঃ সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক, প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক, সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক বাংলাদেশ কৃষি ব্যাংক কর্মচারী ইউনিয়ন (সিবিএ), বঙ্গবন্ধু পরিষদ, বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার্স ঐক্য পরিষদ, স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ (প্রাতিষ্ঠানিক ইউনিট), বঙ্গবন্ধু পেশাজীবীলীগ ও মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড (প্রাতিষ্ঠানিক ইউনিট) এর সভাপতি ও সাধারন সম্পাদক।

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জাতীয় শোক দিবস-২০২৪ পালন উপলক্ষে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনা শুরু করেন। সভাপতি বলেন যে, শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি চূড়ান্তকরণ এবং গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে প্রধান জনসংযোগ কর্মকর্তা জনাব জামিল হোসেন, উপ-মহাব্যবস্থাপক, জনসংযোগ ও প্রটোকল বিভাগ প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০২৪ তারিখ বৃহস্পতিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৯তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয় ঃ

**ক) প্রধান কার্যালয়ের কর্মসূচি ঃ**

| ক্রঃ নং | তারিখ | সময় | কর্মসূচি | কার্যকরণ |
|---|---|---|---|---|
| ০১ | ০১ হতে ৩১ আগস্ট ২০২৪ | - | প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর কালো ব্যাজ ধারণ। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ |
| ০২ | ০১ হতে ৩১ আগস্ট ২০২৪ | - | জাতীয় শোক দিবস উপলক্ষে প্রধান কার্যালয়ে ব্যানার প্রদর্শন। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ |
| ০৩ | ১৫ আগস্ট ২০২৪ | ৫.৩৪ মিনিট (সূর্যোদয়ের সাথে সাথে) | জাতীয় শোক দিবস উপলক্ষে প্রধান কার্যালয় প্রাঙ্গনে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ |
| ০৪ | ১৫ আগস্ট ২০২৪ | সকাল ৬.১৫ ঘটিকা | মুজিব কর্নারে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ |
| ০৫ | ১৫ আগস্ট ২০২৪ | সকাল ৮.০০ ঘটিকা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের শহীদ সদস্যদের রুহের মাগফেরাত কামনায় কোরআন খতম, বিশেষ দোয়া ও মোনাজাত। | কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ |
| ০৬ | ১৫ আগস্ট ২০২৪ | সকাল ৮.৩০ ঘটিকা | জাতীয় শোক দিবস উপলক্ষে ধানমন্ডি-৩২ এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ | জনসংযোগ ও প্রটোকল বিভাগ এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ |
| ০৭ | ০১ হতে ৩১ আগস্ট ২০২৪ | - | প্রধান কার্যালয়ের মুজিব কর্ণারে শোক দিবসের প্রামাণ্যচিত্র প্রদর্শনী। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ |
| ০৮ | ১৫ আগস্ট ২০২৪ | - | জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি/ক্রোড়পত্র প্রকাশ। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ |
| ০৯ | আগস্ট ২০২৪ এর সুবিধাজনক সময়ে | - | জাতীয় শোক দিবস উপলক্ষে এতিম খানায় খাদ্য বিতরণ। | প্রকিউরমেন্ট বিভাগ |
| ১০ | আগস্ট ২০২৪ এর সুবিধাজনক সময়ে | - | জাতীয় শোক দিবস উপলক্ষে বিকেবি স্টাফ কলেজে বৃক্ষরোপণ কর্মসূচি। | এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ও বিকেবি স্টাফ কলেজ |
| ১১ | ১৫ আগস্ট ২০২৪ বা পরবর্তী সুবিধাজনক তারিখ | - | জাতীয় শোক দিবস উপলক্ষে বিশেষ আলোচনা সভা। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ |

চলমান পাতা-০২

| ক্রঃ নং | তারিখ | সময় | কর্মসূচি | কার্যকরণ |
|---|---|---|---|---|
| ১২ | ০১ হতে ৩১ আগস্ট ২০২৪ | - | ওয়েবসাইটে আগস্ট মাসব্যাপী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত একই ডিজাইনের ওয়েবব্যানার প্রদর্শন। | আইসিটি সিস্টেমস বিভাগ |
| ১৩ | ০৫ আগস্ট ২০২৪ এর মধ্যে | - | ব্যাংক কর্তৃক গৃহীত কর্মসূচি অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ |
| ১৪ | ০৩ সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে | - | আয়োজিত অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ করে তার সফটকপিসহ প্রতিবেদন অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ ও নিজস্ব ওয়েবসাইটে প্রদর্শন। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ ও আইসিটি সিস্টেমস বিভাগ |

**খ) মাঠ কার্যালয়ের কর্মসূচি ঃ**

| ক্রঃ নং | তারিখ | কর্মসূচি | কার্যকরণ |
|---|---|---|---|
| ০১ | ০১ হতে ৩১ আগস্ট ২০২৪ | সকল কর্মকর্তা/কর্মচারীর কালো ব্যাজ ধারণ। | মাঠ পর্যায়ের সকল কার্যালয়, শাখা ও উপশাখা |
| ০২ | ০১ হতে ৩১ আগস্ট ২০২৪ | জাতীয় শোক দিবস উপলক্ষে সকল শাখা ও কার্যালয়ে ব্যানার প্রদর্শন। | মাঠ পর্যায়ের সকল কার্যালয়, শাখা ও উপশাখা |
| ০৩ | ১৫ আগস্ট ২০২৪ | জাতীয় শোক দিবস উপলক্ষে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ (জাতীয় পতাকা বিধিমালা অনুসরণপূর্বক)। | মাঠ পর্যায়ের সকল কার্যালয়, শাখা ও উপশাখা |
| ০৪ | ১৫ আগস্ট ২০২৪ | গোপালগঞ্জ, টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে পুষ্পস্তবক অর্পণ। | বিভাগীয় কার্যালয় ফরিদপুর |
| ০৫ | বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জাতীয় শোক দিবস-২০২৪ পালন সংক্রান্ত অনুষ্ঠানে অংশগ্রহণ। | | বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সকল কার্যালয়, শাখা এবং উপশাখা |
| | শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ মাঠ পর্যায়ের সকল কর্মসূচি সুষ্ঠু ও সফলভাবে পালন তদারকী করবে এবং কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন সংগ্রহ করে ০২.০৯.২০২৪ তারিখের মধ্যে জনসংযোগ ও প্রটোকল বিভাগে প্রেরণ করবে। | | |

০৩। উপরোক্ত কর্মসূচিতে সংশ্লিষ্ট সকলকে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৯তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৪ এর সকল আয়োজন সফল করার আহ্বান জানিয়ে সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শওকত আলী খান)
ব্যবস্থাপনা পরিচালক

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা-কে অনুরোধ করা হলো।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সভাপতি, বাংলাদেশ কৃষি ব্যাংক কর্মচারী ইউনিয়ন (সিবিএ), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। সভাপতি, বঙ্গবন্ধু পরিষদ/অফিসার্স ঐক্য পরিষদ/স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ/বঙ্গবন্ধু পেশাজীবীলীগ/মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড/বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১২। ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১৩। নথি/মহানথি।

০১.০৭.২০২৪

(জামিল হোসেন)
প্রধান জনসংযোগ কর্মকর্তা
উপ-মহাব্যবস্থাপক